গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
মার্কেট
www.coop.gov.bd
সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

"বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন"

নম্বর: ৪৭.৬১.০০০০.০২৩.৪০.০২৭.২২.২৮

তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

**অফিস আদেশ**

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সমবায় সমিতি সদস্য/অসদস্যদের নিকট হতে আমানত সংগ্রহ করে পালিয়ে যাবার ঘটনা ঘটছে। একারণে সমবায় অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে এবং মামলাসহ বিভাগীয় কার্যক্রমে নানা ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। এধরণের ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ অবস্থায়, ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি বিবেচনার জন্য নিম্নোক্ত নির্ণায়কসমূহ অনুসরণ করার জন্য বলা হলো।

১) সমিতির নামে ব্যাংক হিসাব না খুলে নগদে লেনদেন পরিচালনা করা;
২) সাধারণ খতিয়ান ব্যবহার না করা;
৩) ব্যক্তি নামে ব্যাংক হিসাব খুলে সমিতির লেনদেন পরিচালনা করা;
৪) কর্মএলাকার বাহিরে কার্যক্রম পরিচালনা করা;
৫) গৃহীত আমানত/মূলধন ও বিনিয়োগের প্রকৃত তথ্য সমিতির হিসাব বহিতে লিপিবদ্ধ না করা;
৬) সমিতিতে পৃথক হিসাব বহি ব্যবহার করা ও মূলধন বিনিয়োগের খাত গোপন করা;
৭) মূলধনের অবক্ষয় ঘটিয়ে রাজস্ব ব্যয় নির্বাহ করা;
৮) অতিরিক্ত ব্যয় দেখিয়ে সমিতির অর্থ আত্মসাৎ, নিট লাভ হ্রাস ও মূলধনের অবক্ষয় ঘটানো;
৯) সমিতির টাকা আইন বহির্ভূতভাবে ব্যবহার করা;
১০) মুনাফা ও লভ্যাংশ নগদে পরিশোধ না করে সঞ্চয়ে স্থানান্তর করা বা নিয়মিত পরিশোধ না করা;
১১) ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ বিভিন্ন নামে মেয়াদি ও স্থায়ী আমানত সংগ্রহ করা;
১২) উচ্চ মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত গ্রহণ করা;
১৩) আমানত সংগ্রহের জন্য সদস্য/কর্মচারিকে কমিশন প্রদান;
১৪) সমিতির সদস্য নয় এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেন করা;
১৫) একাধিক দপ্তরের নিবন্ধন নিয়ে কার্যক্রম পরিচালনা করা;
১৬) শাখা/সুপারভাইজিং অফিস, সেবা কেন্দ্র ইত্যাদি নামে সমিতির একাধিক কার্যালয় থাকা;
১৭) পরিবারকেন্দ্রিক ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান থাকা;

১৮) আবেদন যাচাই না করেই সদস্য ভর্তি করে নামে/বেনামে ঋণ প্রদান। অস্বাভাবিক মাত্রায় সদস্য ভর্তি ও বাতিল করা;

১৯) এজিএম এর সিদ্ধান্ত বহির্ভূতভাবে বিনিয়োগ/সম্পদ ক্রয় করা;

২০) সমিতির অর্থায়নে ব্যক্তি নামে জমি/সম্পদ ক্রয় করা;

২১) সমিতির সংক্ষিপ্ত বা বিকৃত নাম ব্যবহার করা;

২২) শেয়ার বিক্রয় ব্যতীত সদস্য ভর্তি ও সঞ্চয় গ্রহণ করা;

২৩) শেয়ারের ৪০ গুণের অধিক সদস্যকে ঋণ প্রদান করা;

২৪) হঠাৎ করে সমিতির ঠিকানা পরিবর্তন করা;

২৫) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উচ্চহারে ভাতা গ্রহণ;

২৬) সাধারণ সদস্যদের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন অনুষ্ঠান না করা;

২৭) নিবন্ধকের অনুমতি ব্যতীত বৃহৎ বিনিয়োগ/প্রকল্প গ্রহণ;

২৮) বিধি বহির্ভূতভাবে পরিবার ও স্বজনকেন্দ্রিক কর্মচারি নিয়োগ ও তাদের মোটা অঙ্কের পারিতোষিক প্রদান করা;

২৯) সভ্য নির্বাচনী এলাকা একাধিক উপজেলা/জেলা/বিভাগব্যাপী হওয়া;

৩০) সম্পদের চেয়ে দায় বেশি থাকা;

৩১) সমবায় সমিতির নামের সাথে কমার্স, ব্যাংক, ইনভেস্টমেন্ট, কমার্শিয়াল ব্যাংক, লীজিং, ফাইনান্সিং বা সমার্থক শব্দ ব্যবহার করা;

৩২) সমবায় বিধি মোতাবেক নির্ধারিত পরিমাণ তারল্য সংরক্ষণ না করা;

৩৩) নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক প্রদত্ত বিধিবদ্ধ নিরীক্ষা, পরিদর্শন এবং তদন্ত কার্যক্রমে অসহযোগিতা করা;

৩৪) আমানতকারীদের জন্য সমিতির নামীয় চেক বই ব্যবহার করা এবং ব্যাংকের ন্যায় ক্যাশ কাউন্টারের মাধ্যমে আমানত সংগ্রহ করা;

৩৫) অতিরিক্ত ব্যয় দেখিয়ে সমিতির অর্থ আত্মসাৎ, নীট লাভ হ্রাস ও মূলধনের অবক্ষয় ঘটানো;

৩৬) সম্পাদিত অডিটের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল না করা এবং দাখিলকৃত প্রতিবেদন নিবন্ধকের বিবেচনায় যথাযথ না থাকা।

১-২-২০২৩

ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২৪৮১১৯৩০৫
ফ্যাক্স: ০২৯১৩৯৫৬৫
ইমেইল: reg.dg@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০২৩.৪০.০২৭.২২.২৮/১(১২)

তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত নিবন্ধক, নিরীক্ষা ও আইন অধিশাখা, সমবায় অধিদপ্তর। (তাঁর অধিশাখার অধীন সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)

২) অতিরিক্ত নিবন্ধক, ইপিপি অধিশাখা, সমবায় অধিদপ্তর। (তাঁর অধিশাখার অধীন সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)

৩) অতিরিক্ত নিবন্ধক, সমিতি ব্যবস্থাপনা অধিশাখা, সমবায় অধিদপ্তর। (তাঁর অধিশাখার অধীন সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)

৪) অতিরিক্ত নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স অধিশাখা, সমবায় অধিদপ্তর। (তাঁর অধিশাখার অধীন সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)

৫) বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

৬) বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

৭) বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)


৮) বিভাগীয় যুগ্মনিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

৯) বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

১০) বিভাগীয় যুগ্মনিবন্ধক (রুটিন দায়িত্ব), যুগ্মনিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

১১) বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)

১২) বিভাগীয় যুগ্মনিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ। (তাঁর অধস্তন সকল কার্যালয়ের কর্মকর্তাগনকে অবহিত করার অনুরোধসহ।)



১-২-২০২৩
ফারহানা আফরোজ উর্মি
সহকারি নিবন্ধক

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল।
www.coop.barisaldiv.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন”

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৭.০০২.২০.৭১

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩

তাঁর আওতাধীন সকল উপজেলায় নির্ণায়কসমূহ প্রেরণসহ প্রত্যেক উপজেলার কমপক্ষে ১০% (কার্যকরী মূলধনের ভিত্তিতে) সমবায়ের কার্যক্রম যাচাই করে উল্লিখিত নির্ণায়ক হতে মুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল।

৫-২-২০২৩


মুহাম্মদ আবদুল্লা আল মামুন
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
ফোন: ০৪৩১-৬২৯৩৩
ইমেইল: jrbarisal@gmail.com


জেলা সমবায় কর্মকর্তা,
বরিশাল/বরগুনা/ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/ঝালকাঠী